

সংক্ষিপ্ত সিলেবাসে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ১৯ ফেব্রুয়ারী ২০২৪



২০২৫ সালের এইচএসসি এবং সমমানের পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে
নেওয়া হবে।

সোমবার (১৯ ফেব্রুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
এম এ খায়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এ বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

২০২৩ সালের ডিসেম্বরে মাসে ঢাকা শিক্ষা বোর্ড একটি বিজ্ঞপ্তিতে জানিয়েছিল, ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক বা এইচএসসি পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে অনুষ্ঠিত হবে।

২০২৫ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ক্লাস শুরু হয়েছে অক্টোবরে। ওরা তিন মাস সময় কম পাবে। তাই ওদের সিলেবাসটা কিছুটা সংক্ষিপ্ত করা হয়েছে।”

তিনি বলেন, ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিन্যাসকৃত সিলেবাস অনুযায়ী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা হবে। তবে এই পরীক্ষা সব বিষয়ে পূর্ণ সময়ে ও পূর্ণ নম্বরে হবে।

২০২৫ সালে যারা এইচএসসি ও সমমানের পরীক্ষা দেবে, তাদের এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৩ সালে সংশোধিত ও পুনর্বিन্যাসকৃত সিলেবাসে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে হয়। ৩০ এপ্রিল পরীক্ষা শুরু হয়ে শেষ হয় ২৮ মে। ফলাফল দেওয়া হয় ২৮ জুলাই, ক্লাস শুরু হয় ৮ অক্টোবর।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষাও হবে সংক্ষিপ্ত সিলেবাসে। জুনে এ পরীক্ষা শুরুর কথা রয়েছে। তবে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা এগিয়ে নেওয়ার পরিকল্পনার অংশ হিসেবেই এ পরীক্ষার সিলেবাস সংক্ষিপ্ত করা হয়েছে।

২০১০ সাল থেকে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে এসএসসি এবং এপ্রিলের প্রথম সপ্তাহে এইচএসসি পরীক্ষা শুরু হয়ে আসছিল। কিন্তু করোনাভাইরাস মহামারীর কারণে এই সূচিতে আসে পরিবর্তন।

২০২০ সালে পরীক্ষা না নিয়েই শিক্ষার্থীদের সনদ দেওয়া হয়। এরপর ২০২১ ও ২০২২ সালে পরীক্ষা নেওয়া হয় সংক্ষিপ্ত সিলেবাসে। ২০২২ সালে বন্যার কারণে পরীক্ষা পিছিয়ে নভেম্বরে নেওয়া হয়েছিল।

করোনাভাইরাস মহামারী শুরুর পর ২০২৩ সালে একটি বাদে সবগুলোতে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে এইচএসসি পরীক্ষা হয়েছে। কেবল তথ্যপ্রযুক্তি বিষয়ে পরীক্ষা হয়েছে ৭৫ নম্বরে। সেই পরীক্ষাও হয়েছিল পুনর্বিদ্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী।